দুখ দিয়েছ, দিয়েছ ক্ষতি নাই, কেন গো একেলা ফেলে রাখ ?
ডেকে নিলে ছিল যারা কাছে, তুমি তবে কাছে কাছে থাকো ॥
প্রাণ কারো সাড়া নাহি পায়,    রবি শশী দেখা নাহি যায়,
এ পথে চলে যে অসহায়— তারে তুমি ডাকো, প্রভু, ডাকো ॥
সংসারের আলো নিভাইলে, বিষাদের আঁধার ঘনায়—
দেখাও তোমার বাতায়নে চির-আলো জ্বলিছে কোথায় ।
শুষ্ক নির্ঝরের ধারে রই,    পিপাসিত প্রাণ কাঁদে ওই—
অসীম প্রেমের উৎস কই, আমারে তৃষিত রেখো নাকো ॥
কে আমার আত্মীয় স্বজন— আজ আসে, কাল চলে যায় ।
চরাচর ঘুরিছে কেবল— জগতের বিশ্রাম কোথায় ।
সবাই আপনা নিয়ে রয়   কে কাহারে দিবে গো আশ্রয়—
সংসারের নিরাশ্রয় জনে তোমার স্নেহেতে, নাথ, ঢাকো ॥

---

Parjaay: Puja, Taal: Jhaptaal, Raag: Bhairavi
Visit www.geetabitan.com for notation and other detail